৭৩

দৈনিক ইত্তেফাক

তারিখ 27 NOV 1997
পৃষ্ঠা ১ কলাম ৩

# রাজশাহী ভার্সিটিতে আরও ১৭ জন শিবির কর্মী গ্রেফতার ॥ ৪৩ জনের বিরুদ্ধে মামলা

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ গতকাল (বুধবার) ভোরে রাজশাহী মেট্রোপলিটন পুলিশের একটি বিশেষ দল বিশ্ববিদ্যালয়ের তিনটি ছাত্র হলে অভিযান চালা

(১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটি

(১ম পৃঃ পর)

ইয়া আরও ১৭ জন ছাত্রশিবির কর্মীকে গ্রেফতার করিয়াছে। এই লইয়া ৩৪ জনকে গ্রেফতার করা হইল।

এদিকে পুলিশ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র শিবিরের সভাপতি আবদুল জব্বার ও সাধারণ সম্পাদক মইনুল ইসলামসহ ৪৩ জন শিবির কর্মীকে আসামী করিয়া গত মঙ্গলবার মতিহার থানায় তিনটি পৃথক মামলা দায়ের করিয়াছে। বোয়ালীয়া থানার ওসি বাদী হইয়া অস্ত্র আইনে দায়ের করা মামলার আসামী হইল গোলাম কিবরিয়া নামে এক ব্যক্তি। তাহাকে কাটা রাইফেলসহ গত সোমবার রাতে নবাব আব্দুল লতিফ হল হইতে গ্রেফতার করা হয়। পুলিশের অপর দুইটি মামলার আসামী ২১ জন করিয়া। বিশ্ববিদ্যালয় শাখা শিবির সভাপতিকে একটিতে এবং সাধারণ সম্পাদককে দুইটি মামলায় আসামী করা হইয়াছে। গত পরশু গ্রেফতারকৃতদের গতকাল কোর্টে চালান দেওয়া হয়। ইহাদের মধ্যে বিশ্ববিদ্যালয় শাখা শিবিরের সম্পাদক রহিয়াছেন।

অপরদিকে, ডিবির ওসি নূরুল ইসলাম সরকারের নেতৃত্বে গোয়েন্দা পুলিশের একটি বিশেষ দল গতকাল সন্ধ্যায় বিশ্ববিদালয়ের অদূরবর্তী ডাসমারী এলাকার একটি বাড়ীতে অভিযান চালাইয়া অজ্ঞাত পরিচয় একজনকে গ্রেফতার এবং বেশ কিছু অস্ত্রশস্ত্র উদ্ধার করিয়াছে। ইহার মধ্যে রহিয়াছে, থ্রি নট থ্রি রাইফেল ১টি, গুলী ৬ রাউণ্ড, বন্দুকের কার্টিজ ১০টি এবং বিষমাখা সাঁওতালী তীর ৮৪ (চুরাশি)টি।

গতকাল নির্ধারিত ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের বাস সার্ভিস চালু ছিল।

**আজ ছাত্রলীগের কাউন্সিল**

আজ (বৃহস্পতিবার) বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের (শা-পা) কাউন্সিল। সকাল ১০টায় 'সাবাশ বাংলাদেশ ভাস্কর্য' চত্বরে কাউন্সিল উদ্বোধন করিবেন সংগঠনের কেন্দ্রীয় সভাপতি এ, কে, এম এনামুল হক শামীম।